500Rs.

INDIA NON JUDICIAL

५००रू. Rs500

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

মং ১০,০০০.০০ দশ হাজার টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল :-

---

**কোবালা গ্রহীতা :-** শ্রী দীপঙ্কর মুখার্জি পিতা শ্রী ফনি ভূষন মুখার্জি, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাং- ৩/১/৩/১ বেলেঘাটা মেন রোড, কলিকাতা- ৮৫, থানা- বেলেঘাটা ।।

**কোবালা দাত্রী :-** শ্রীমতী বিপুলমনি দাসী, স্বামী শ্রী মানিক চন্দ্র প্রামানিক, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং- কালিকাপুর, থানা- কসবা, জেলা দ: ২৪ পরগণা, কলিকাতা- পক্ষে আমমোক্তার

শ্রী মানিক চন্দ্র প্রামানিক পিতা মৃত ৺হরিচাঁদ প্রামানিক, জাতি- হিন্দু, পেশা- বিষয়ভোগী, সাং- কালিকাপুর, থানা- কসবা, জেলা- দ: ২৪ পরগণা, বিগত ইং ২৭.৫.৮৩ তারিখে আলিপুর ডি. রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৩৮১ নং পাওয়ার আমমোক্তার নিযুক্তিমূলে আমমোক্তার ।।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

371 3/6/88

Dipankar Roy

371 372 373 374 375

........ 1988

Manikchandra Ramanick

...... under ......

...... authenticated ......

Registrar ......

Manikchandra Ramanick s/o Bhagirath Ramanick of Kalikapur P.O. Kasba ...... South ......

...... holder as constituted attorney for Dipankar ......

Saumen Chakraborty s/o ...... Chakraborty of ......pur

...... occupation ......

V.C. T-3 / 88

Bankim Chakraborty
S/o Late Asim Kr Chakraborty




১৬১ নং খতিয়ানের ৩৬৪ নং দাগের ২.৭ শতক
৩৬৫ " " "
৩৬৬ " " "
মোট ৬.৫৬ শতক জমি

কথ্য জমি জমা স্বত্ব সর্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পূর্ন নির্দায় নিষ্কাম অবস্থায় সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দঃ ২৪ পরগণা, পরগনে - খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ হাল কসবা, সব রেজিষ্ট্রী অফিস আলিপুর অন্তর্গত বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীন অত্র জেলা কালেকটারীর ৩,৫,১২ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২, জেঃ এলঃ নং ২০, মৌজা- কালিকাপুর গ্রামে স্থিত ৪ নং বিভাগতে রায়ত দখলী স্বত্বীয় সাবেক ১৫৫ নং খতিয়ান বর্ণিত ৩০৬।৩১০, ৩০৬।৩১৪ ও ৩০৬।৩১৬ নং দাগে মোট ৬.৫৬ শতক জমি জমা স্বত্ব হাল রিভিশন্যাল জরীপে ১৬১ নং খতিয়ানে ৩৬১, ৩৬৫ ও ৩৬৬ নং দাগে মোট ৬.৫৬ শতক জমির বাবদ বার্ষিক ২৪৲ টাকা ১২ আনা ১ পাই টাকা উল্লেখ রেকর্ড ভুক্ত হইয়াছে উক্ত হাল ১৬১ নং খতিয়ান ভুক্ত হাল ৩৬৬ নং দাগের জমি হইতে রাস্তার জমি সহ কমবেশী ৫ পাঁচ কাঠা ১১ এগার ছটাক ৫ পাঁচ বর্গফুট জমি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

নিম্নের তপশীল বর্ণিত ~~বিক্রীত জমি জমি দলিল দাত্রী বিগত ইং ১৯৩৬~~ সালে

271 10 Rs.




॥ ৩ ॥

মোকাম আলিপুর ডি: রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৫০ নং ভল্যুমের ২২৯ হইতে ২৩১ নং পাতায় লিপিবদ্ধ ২০০৪ নং কোবালা মূলে উক্ত জমি জমার মালিক দখলীকার শ্রী ধনেন্দু নাথ বারুই দিগের নিকট হইতে খরিদ করিয়া ভূমিতে রীতীমত খাস দখল গ্রহন করত: উক্ত ভূমির বার্ষিক খাজনা পূর্ব্বতন মালেক জমিদার সেরেস্তায় সন সন আমার নাম বরাবর আদায় দিয়া নির্ব্বিঘ্নে ভোগবতী মালিক দখলকারিনী থাকা-বস্থায় স্থল রিভিশন্যাল জরীপ উপস্থিত হইলে পর, আমার খরিদা উক্ত ভূমি আমার নাম বরাবর রেকর্ড ভুক্ত করাইয়া লই। স্থল রিভিসন্যাল জরীপে আমার উক্ত জমি ১৬১ নং খতিয়ানে ৩৬৬ নং দাগে রেকর্ড ভুক্ত হইয়া চূড়ান্ত ভাবে প্রকাশিত হইয়াছে। জমিদারী উচ্ছেদ আইন বলবৎ হইবার পর আমি আমার উক্ত ভূমির বার্ষিক খাজনা বর্ত্তমান মালেক জমিদার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টর বাহাদুর সরকার অধীন সেরেস্তায় সন সন আমার নাম বরাবর আদায় দিয়া এযাবৎকাল অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিজ স্বত্ব পরিচালনে নির্ব্বিঘ্নে ভোগবতী মালিক দখলকারিনী থাকি ও আছি।

এক্ষনে আমি দলিল দাত্রী আমার নানাবিধ বৈধ কারণ নগদ টাকার আবশ্যক হওয়ায় আমার খাস দখলীয় উক্ত ৩৬৬ নং দাগের জমি বিক্রয় করার জন্য কয়েকটি

3RS

INDIA

तीन रुपये

सत्यमेव जयते

THREE RUPEES भारत THREE RUPEES

॥ 8 ॥

ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে প্লটভুক্ত করিয়া লইয়া একটি স্কীম নক্সা তৈয়ার করিয়া বিক্রয়ের ঘোষনা করিলে পর ইতিপূর্ব্বে কতক প্লট বিক্রয় করা বাদে বক্রী ঐ প্লট সমূহ মধ্যে ১৯ ও ২০ নং প্লট ভুক্ত রাস্তার জমি সহ কমবেশ ৫ কাঠা ১১ ছটাক ৫ বর্গফুট জমি যাহা নিম্নের তপশীলে বর্ণিত হইল ও এত্র সহ সংযুক্ত প্ল্যানে লাল রং এর রেখা দ্বারা বেষ্টিত করিয়া দেখান হইল উক্ত ভূমি বিক্রয়োক্ত মঃ ১০,০০০্ দশ হাজার টাকা মূল্য প্রদানে খরিদ করিতে ইচ্ছুক হইলে পর, আমি দলিল দাত্রী আপনার প্রস্তাবিত উক্ত মূল্য বর্ত্তমান বাজার উচিৎ মূল্য জানিয়া আপনার প্রস্তাবিত উক্ত মূল্যে আপনার নিকট বিক্রয় করিতে রাজী থাকিয়া অদ্য তারিখে আমি দলিল দাত্রী আপনার নিকট হইতে নিম্নের তপশীল ভুক্ত ভূমির মূল্যের সাকুল্য মঃ ১০,০০০্ দশ হাজার টাকা নিম্নের জামুমত গ্রহন করিয়া এত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর লিখিয়া দিয়া স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

বিক্রীত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব, স্বার্থ লভ্য দখল অধিকার হক হকিয়ৎ দাবী দাওয়া প্রভৃতি ছিল বা আছে তাহা এত্র কোবালা বলে আমার হইতে চিরকালের জন্য ধ্বংস ও বিলুপ্ত হইয়া এত্র দলিল গ্রহীতা

273

3Rs

INDIA

तीन रुपये

सत्यमेव जयते

THREE RUPEES भारत THREE RUPEES

॥ ৫ ॥

আপনাতে সর্ব্বতোভাবে বর্ত্তিল। আপনি অদ্যকার এই কোবালা বলে নিম্নের তপশীল বর্ণিত ভূমিতে আমার যাবতীয় স্বত্ব স্বত্ববান ও দখল দখলকার হইয়া খাস মালিক সরকারে ও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন ক্রমে খাজনা ও ট্যাক্সাদি আপনার নাম বরাবর আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদি যাবতীয় হস্তান্তরের ক্ষমতা যুক্তে ও সর্ব্ববিধ অবস্থান্তর ও গৃহাদি ইমারতাদি প্রস্তুত করতঃ রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছা তাবৎ ষোল আনা মালিক স্বরূপে ভোগ দখল বসবাস ইত্যাদি করিতে থাকুন ও থাকিবেন, তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশান স্থলাভিষিক্তগণ কেহ, কখনও কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবনা ও পারিবে না। করিলে তাহা অত্র কোবালা সর্ব্বদা সর্ব্বপ্রকার অফিস আদালতে সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবেক।

এতদ্দ্বারা আরও প্রকাশ করিতেছি যে, বিক্রীত সম্পত্তির উপর কোনরূপ বন্ধক মটগেজ চার্জ্জ লিয়েন বা দায় নাই কিম্বা আমি উহা বা উহার কোন অংশ কখনও কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধক ইত্যাদির দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা কাহারও নাম বরাবর উইল বা চরম পত্র করি নাই বা উহা কাহারও বেনামে রাখি নাই অথবা

কোন আদালত হইতে কোন প্রকার ক্রোকাদির দ্বারা আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন আদালতে কোনরূপ নালিশ বা মোকদ্দমা দায়ের নাই বা উহার সম্বন্ধে অপর কোন বিক্রয়ের চুক্তি করি নাই বা কোনরূপ চুক্তি বলবৎ নাই বা উহা কোন প্রকার দেব সেবাতে বা কোন প্রকার ট্রাস্টে অর্পিত নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন প্রকার মেয়াদি বা মেয়াদি প্রজাবিলি নাই বা উহা কোন প্রকার বিলি বন্দোবস্ত নাই বা উহাতে কোন ভাগচাষী বা উক্ত সম্পত্তিতে আমার অপর কোন শরিক নাই বা উহাতে অপর কাহারও কোনরূপ স্বত্ব স্বার্থ দাবী বা সংস্রব নাই আমি উক্ত সম্পত্তির ষোল আনা মালিক হইতেছি ও উহা ষোল আনা খাস দখলে থাকাবস্থায় আপনার নিকট নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ন নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া আপনার নিকট খাস দখল দিলাম ।

যদি আমার উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা তঞ্চকী বা বিপরীত বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিব ও তৎসেওয়ায় আপনার যাহা কিছু ক্ষতি অসারত হইবে তৎসমুদয় ব্যয় সুদ সহ একালিন পূরন করিতে বাধ্য রহিলাম ।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি আপনার তলবমত আপনার খরচায় উপযুক্ত ভুল ভ্রান্তির জন্য অপর যে কোন প্রকারের দলিল করিবার আবশ্যক হইবে তাহাও সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সুজ্ঞানে অত্র জমি জমা বিক্রয় কোবালা দলিল খানি পড়িয়া ও পড়াইয়া তাহার মর্ম্ম সকল অবগত হইয়া নিম্নের তপশীল বর্ণিত ভূমির মূল্যের সমূল্য টাকা নিম্নের আয়ুমত গ্রহন করিয়া অত্র বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি তাং ইংরেজী ১৯৮৮ সালের ৩০শে জুন বাংলা ১৩৯৫ সালের ১৫ই আষাঢ়

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

* * * * * * * * * * * * * * * *

জেলা দঃ ২৪ পরগণা, পরগনে - খাসপুর থানা হাল কসবা, সাব রেজিষ্ট্রী অফিস আলিপুরের অন্তর্গত বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীন অত্র জেলা কালেকটারীর ৩,৫,১২ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২, জেঃ এলঃ নং ২০, মৌজা-কালিকাপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় হাল রিভিশন্যাল জরীপের ১৬১ নং খতিয়ান বর্ণিত মোট ৬.৫৬ শতক জমির কাত বার্ষিক ২৪ টাকা ১২ আনা ১ পাই করের জমি জমা মধ্যে ৩৬৬ তিনশত ছেষট্টি নং দাগে ২.০১ শতক শালি জমি মধ্যে পূর্ব্বে বিক্রীত বাদে বক্রী রাস্তার জমি সহ ৫ পাঁচ কাঠা ১১ এগার ছটাক ৫ পাঁচ বর্গফুট জমি যাহা অত্র সাথ সম্বলিত প্লানে লাল রঙের রেখা দ্বারা বেষ্টিত করিয়া স্কীমের "১৯ ও ২০" নং প্লটে দেখান হইল উক্ত ভূমি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্র সাথ সম্বলিত প্লানে যে রাস্তা বা প্যাসেজ দেখান আছে উক্ত প্যাসেজ বা রাস্তার উপর দিয়া যাতায়াতের সর্ব্বপ্রকার ইলেকট্রিক, টেলিফোন লাইন লইবার, ড্রেণ করিবার যাবতীয় স্বত্ব আপনার মায় আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণের রহিল ও রহিবেক। বিক্রীত ভূমির সরাসরি মতে বার্ষিক খাজনা .৭৫ পয়সা মালেক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটার বাহাদুর সেরেস্তায় আদায় দেয়।

| বিক্রীত ভূমির :- দাগ নং | শ্রেনী- | বিক্রীত জমির পরিমান :- |
|---|---|---|
| ৩৬৬ তিনশত ছেষট্টি | শালি | নেটজমি ৪ কাঠা ০ ছটাক ০ বর্গফুট |
| | | রাস্তার জমি ১ কাঠা ১১ ছটাক ৫ বর্গফুট |
| | | রাস্তার জমি সহ মোট ৫ কাঠা ১১ ছটাক ৫ বর্গফুট |

রাস্তার জমি সহ ৫ পাঁচ কাঠা ১১ এগার ছটাক ৫ পাঁচ বর্গফুট জমি তাহাই বিক্রীত।

বিক্রীত ভূমিতে চাষ হয়।

# SITE PLAN

RTION OF R.S. DAG No 366

No 20, SHEET No 2, MOUZA KALIKAPUR

S. JADAVPUR NOW- KASBA DIST. 24 PGNS

SCALE 35'0" = 1 INCH


REF:- PLOT No 20&19

TOTAL LAND 5K- 11CH- 5SFT

ROAD 1K- 11CH- 5SFT

NET LAND 4K- 0CH- 0SFT

PURCHASED LAND SHOWN IN RED BORDER



॥ ৮ ॥

চৌহদ্দি :-

উত্তরে :- ১৫ফুট + ১০' = ২৫ ফুট প্রশস্থ রাস্তা,

দক্ষিনে :- প্লট নং ২১ ও ২২ ।

পূর্ব্বে :- প্লট নং ১৮ ।

পশ্চিমে :- ১০' ফুট + ১৫ ফুট - ২৫ ফুট প্রশস্থ রাস্তা ।

টাকার জায় :-

**********

১০০, একশত টাকার নোট ১০০ কেতায় ............১০,০০০, টাকা,

মং দশ হাজার টাকা মাত্র ।

মুসাবিদাকারক :-

ইসাদি :-

Timil Kundu

A/1 Ramkrishna upnibash

Jadavpur, Cal - 32

টাইপকারক :-

শ্রী সনৎ কুমার সানা,

আলিপুর, কলিকাতা- ২৭ ॥

******************